বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা)
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.১৯

তারিখ: ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

## দপ্তরাদেশ

বাপাউবো'র ৯(নয়) টি জোনের আওতায় অধিক ঝুঁকিপূর্ণ বাঁধ, নদী তীর প্রতিরক্ষা, খাল খনন/পুনঃখনন, পানি নিয়ন্ত্রণ অবকাঠামোসমূহ ইত্যাদি শক্তিশালীকরণের লক্ষ্যে অনূর্ধ্ব পঞ্চাশ কোটি টাকার মধ্যে উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নের জন্য নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি জোনভিত্তিক কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম, পদবি ও দপ্তর | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | সংশ্লিষ্ট জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল দপ্তরসমূহ, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর বা এর আওতাধীন পরিদপ্তরসমূহ, বাপাউবো, ঢাকা। (প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা মহোদয় কর্তৃক মনোনীত)। | সদস্য |
| ৩। | নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল দপ্তরসমূহ, বাপাউবো, ঢাকা। (প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা মহোদয় কর্তৃক মনোনীত)। | সদস্য |
| ৪। | নির্বাহী প্রকৌশলী/ তদুর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা। (সংশ্লিষ্ট জোনের প্রধান প্রকৌশলী (পুর) মহোদয় কর্তৃক মনোনীত)। | সদস্য-সচিব |

<u>কমিটির কার্যপরিধি (Terms of Reference, ToR)</u> :

ক) কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট উপদ্রুত এলাকায় সমাপ্তকৃত প্রকল্প এলাকা/প্রকল্প এলাকার বাহিরে সরেজমিনে পরিদর্শন পূর্বক সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় জনগণ, ছাত্র প্রতিনিধি ও জনপ্রতিনিধি, জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনা করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) বিভিন্ন জেলার সংশ্লিষ্ট উপদ্রুত এলাকায় প্রকল্পের আওতায় বিদ্যমান বাঁধ, নদী তীর প্রতিরক্ষা কাজ এবং প্রকল্প এলাকার বাহিরে ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিতকরণ, পানি নিয়ন্ত্রণ অবকাঠামোসমূহ/রেগুলেটরের বিভিন্ন অংশের মেরামত এবং রেগুলেটরের সাথে সংযোগ খালের কার্যকারিতা পুনরুদ্ধার জন্য গুরত্বপূর্ণ খালসমূহ চিহ্নিত করে সেগুলো সুরক্ষার্থে ও অবকাঠামোসমূহের কার্যকারিতা চলমান রাখার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম সুপারিশসহ অন্তর্ভুক্তিমূলক/Inclussive মতামত উপস্থাপন করবেন;

গ) বিদ্যমান অবকাঠামোসমূহ (বাঁধ, তীর সংরক্ষণ ও পানি নিয়ন্ত্রণ অবকাঠামোসমূহ) এর ঝুঁকির স্তর অনুযায়ী একটি সমন্বিত অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা এবং অগ্রাধিকার ভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা ও ধাপ ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন করবেন;

ঘ) নদী/খালসমূহের নাব্যতা ফিরিয়ে আনা ও সেচ খালসমূহের পর্যাপ্ত পানির প্রবাহ/ সরবরাহ নিশ্চিতকরণে মাঠ পর্যায়ের তদন্ত, তথ্য বিশ্লেষণ ও অংশীজনদের সঙ্গে পরামর্শের মাধ্যমে নদী/খালসমূহ ড্রেজিং/পুনঃখনন পরিকল্পনা প্রস্তুত করবেন;

ঙ) কাঠামোগত (Structural) কার্যক্রমের পাশাপাশি প্রকৃতিভিত্তিক সমাধান/ব্যবস্থা (Nature based Solution, NbS) এর বিষয়ে সুপারিশ/ মতামত প্রদান করবেন;

চ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন সম্পর্কিত মতামত প্রদান করবেন;

ছ) কমিটি রিপোর্ট চূড়ান্ত করার পূর্বে আহ্বায়কের দপ্তর হতে প্রস্তাবিত কাজের নকশা প্রণয়ন করবেন;

জ) A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকায় কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন করবেন;

ঝ) বিবিধ।

০২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন এবং প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

০৩। প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং- চীফ প্লানিং/১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রি. মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী প্রতিবেদন প্রস্তুত করবেন।

০৪। কমিটি পরবর্তী ২১(একুশ) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ০৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।


মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>
১। সংশ্লিষ্ট জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল দপ্তরসমূহ, বাপাউবো, ঢাকা।

২। নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর বা এর আওতাধীন পরিদপ্তরসমূহ, বাপাউবো, ঢাকা। (প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা মহোদয় কর্তৃক মনোনীত)।

৩। নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল দপ্তরসমূহ, বাপাউবো, ঢাকা। (প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা মহোদয় কর্তৃক মনোনীত)।

৪। নির্বাহী প্রকৌশলী/ তদুর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা। (সংশ্লিষ্ট জোনের প্রধান প্রকৌশলী (পুর) মহোদয় কর্তৃক মনোনীত)।



২৫-০৬-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব )
০২২২২২৩০০৪১
adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.১৯/১ (১৩)

তারিখ: ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা (বর্ণিত বিষয়ে মনিটরিং করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

অনুরোধসহ)।
২। প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল/ পশ্চিমাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তরাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, ঢাকা/ ফরিদপুর/ কুমিল্লা/ রংপুর/ রাজশাহী/ সিলেট/ বরিশাল/ খুলনা/ চট্টগ্রাম।
৪। প্রধান/ অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর/ড্রেজার পরিদপ্তরসমূহ।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিব মহোদয়ের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৯। নির্বাহী প্রকৌশলী, সকল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো।
১০। নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি, বাপাউবো, ঢাকা (ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১৩। দপ্তর কপি।

২৫-০৬-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ডায়েরী নং ৮৫৭
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ২৫।৬।২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

২৫/০৬/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।